

ক্যান্টিন নীতিমালা

Canteen Policy

১.১ অঙ্গীকার(Commitment): -----লিমিটেড এর উর্দ্ধতন কর্তৃপক্ষ বাংলাদেশ শ্রম আইন ২০০৬, আইএলও এবং শিল্প সম্পর্কিত আইন এর সকল নিয়ম-নীতির প্রতি সম্মান প্রদর্শন পূর্বক বিভিন্ন ক্রেতা/বায়ারের উক্ত নীতিমালার স্বপক্ষে মতামতের সাথে সামঞ্জস্য বিধান করে অত্র কারখানায় ক্যান্টিন নীতিমালা নিশ্চিতকরণের ঘোষণা করেছেন। এই মর্মে কারখানায় এ নীতিমালাটি বাস্তবায়নে উর্দ্ধতন কর্তৃপক্ষ অঙ্গীকারাবদ্ধ।


১.২ আইনের বিধান (Provision of law) : ক্যান্টিন নীতিমালা বিষয়ে -----লিমিটেড এর উর্দ্ধতন কর্তৃপক্ষ বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ৯২ এবং আই এল ও এর সকল নিয়ম নীতির প্রতি সম্মান প্রদর্শন পূর্বক বিভিন্ন ক্রেতা/বায়ারের স্বপক্ষে মতামতের সাথে সামঞ্জস্য বিধান করে এ নীতিমালা বাস্তবায়নে বদ্ধপরিকর।

১.৩ উদ্দেশ্য(Purpose): কারখানায় কর্মরত সকল শ্রমিক-কর্মচারীর জন্য সুলভ মূল্যে স্বাস্থ্যসম্মত হালকা খাবার এর সুব্যবস্থা করার উদ্দেশ্যেই ক্যান্টিন নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

১.৪ লক্ষ্য(Vision of the policy): উত্তম ব্যবস্থাপনার মাধ্যমে কর্মরত শ্রমিক ও কর্মচারীকে ক্যান্টিনে সুলভ মূল্যে মান সম্মত হালকা খাবার এর সুব্যবস্থা করার লক্ষ্যেই এ নীতিমালা প্রণীত।

০২. Organization chart with their defined role & responsibilities :

-----লিমিটেড কর্তৃপক্ষ এ নীতিমালা প্রয়োগ ও বাস্তবায়নে একটি কমিটি গঠন করেছেন। যা নিম্নরূপঃ



-----লিমিটেড বাংলাদেশ শ্রম আইনের প্রতি শ্রদ্ধা রেখে এই নীতিমালা প্রয়োগ ও সার্বিক বাস্তবায়নে নিম্নলিখিত পর্যদ গঠন করা হল। কমিটির সদস্যদের দায়িত্ব ও কর্তব্য সমূহ নিম্নে দেয়া হল।

ক্রঃ নং	পদ	দায়িত্ব ও কর্তব্য
------------	----	--------------------

০১	সভাপতিঃ ব্যবস্থাপনা পরিচালক	কারখানায় ক্যান্টিন নীতিমালা বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্যা বা প্রতিবন্ধকতার সৃষ্টি হচ্ছে কিনা বা নীতিমালা অনুসারে কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা, সে ব্যাপারে নজরদারি করেন। এই নীতিমালার প্রয়োগ ও বাস্তবায়নে বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করেন।
০২	সহ সভাপতিঃ জিএম(প্রশাসন এবং কমপ্লায়েন্স)	সভাপতির ন্যায় সহ- সভাপতি ও কারখানায় ক্যান্টিন নীতিমালা বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্যা বা প্রতিবন্ধকতার সৃষ্টি হচ্ছে কিনা বা নীতিমালা অনুসারে কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা, সে ব্যাপারে নজরদারি করেন। এই নীতিমালার প্রয়োগ ও বাস্তবায়নে বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করেন।
০৩	সাংগঠনিক সম্পাদকঃ (এইচ আর এ্যান্ড কমপ্লাইন্স-ম্যানেজার)	কারখানায় ক্যান্টিন নীতিমালা বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্যা বা প্রতিবন্ধকতার সৃষ্টি হলে, সেক্ষেত্রে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেন।
০৪	সহঃ সাংগঠনিক সম্পাদকঃ সিনিয়র এক্সিকিউটিভ-(এইচ আর এ্যান্ড কমপ্লাইন্স)	সাংগঠনিক সম্পাদকের ন্যায় সহ সাংগঠনিক সম্পাদকও কারখানায় ক্যান্টিন নীতিমালা বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্যা বা প্রতিবন্ধকতার সৃষ্টি হলে, সেক্ষেত্রে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেন।
০৫	সদস্যঃ এক্সিকিউটিভ (এইচ আর এ্যান্ড কমপ্লাইন্স)	মিটিং/ট্রেনিং-এর আয়োজন করেন। কারখানায় ক্যান্টিন নীতিমালা বহির্ভূত কাজ সংঘটিত না হয়, সে ব্যাপারে মোটিভেশন অব্যাহত রাখেন।
০৬	সদস্যঃ ওয়েলফেয়ার অফিসার	মিটিং/ট্রেনিং এর আয়োজন করেন। কারখানায় ক্যান্টিন নীতিমালা বহির্ভূত কাজ সংঘটিত না হয়, সে ব্যাপারে মোটিভেশন অব্যাহত রাখেন।
০৭	সদস্যঃ শ্রমিক প্রতিনিধি	(অংশগ্রহণকারী প্রতিনিধি) ক্যান্টিন নীতিমালা বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করবেন।

০৩. নীতিমালা প্রয়োগ ও মূল্যায়ন পদ্ধতি/ প্রক্রিয়া (Routines or procedures):

-----লিমিটেড কর্তৃপক্ষ কারখানার অভ্যন্তরে ক্যান্টিন কমিটি নীতিমালা বাস্তবায়নে নিম্নলিখিত ধাপগুলি অনুসরণ করে থাকেঃ

৩.১ বাস্তবায়ন রুটিন (Implementation Routines) :

অত্র কোম্পানীতে কর্মরত সকল শ্রমিক-কর্মচারীর স্বাস্থ্য সুরক্ষা ও তাদের ক্রয় ক্ষমতার কথা বিবেচনা করে সুলভমূল্যে হালকা খাবার সরবরাহ করার জন্য একটি ক্যান্টিনের ব্যবস্থা করা হয়েছে। এই ক্যান্টিন পরিচালনায় একটি সুনির্দিষ্ট নীতিমালা রয়েছে, যা নিম্নরূপঃ

(ক) -----লিমিটেড কর্তৃপক্ষ অত্র কারখানায় কর্মরত সকলের জন্য একটি ক্যান্টিন ব্যবস্থা চালু করেছে। যা সম্পূর্ণরূপে অলাভজনক এবং শুধুই শ্রমিকদের কল্যাণের জন্য।

(খ) ক্যান্টিনে যে সমস্ত খাবার সরবরাহ করা হয় তা হালকা, মানসম্মত, নির্ভেজাল ও শ্রমিকদের ক্রয় ক্ষমতার মধ্যে। এখানে সরবরাহকৃত খাবার বাইরে থেকে পাইকারী যে দামে ক্রয় করা হয়, ঠিক সে দামেই বিক্রি করা হয়।

(গ) ক্যান্টিনে খাবারের একটি মূল্য তালিকা দেয়া হয়েছে।

(ঘ) একটি পর্যবেক্ষক দল প্রতিদিন খাবারের মান ও মূল্য যাচাই করেন।

(ঙ) অত্র প্রতিষ্ঠান অত্যন্ত সতর্ক তদারকিতে ক্যান্টিনের খাদ্য সরবরাহকারী প্রতিষ্ঠান বাছাই করেন।

(চ) খাবার মূল্য শ্রমিক কর্মচারীদের ক্রয় ক্ষমতার মধ্যে কিনা তা অত্যন্ত সতর্কতার সাথে পর্যবেক্ষণ করা হয়।

(ছ) ক্যান্টিনে বিশুদ্ধ খাবার পানি থেকে শুরু করে সব ধরনের হালকা খাবার পাওয়া যায়। যার মধ্যে রয়েছে বিভিন্ন ধরনের বিস্কুট, চিপস, চকলেট ও কোমল পানীয়।

(জ) এখানে কোন প্রকার ভারী খাবার (দুপুরের খাবার) সরবরাহ করা হয় না।

(ঝ) কারখানার সময় সূচীর সাথে মিল রেখে সকাল ০৮.০০ ঘটিকা হতে দুপুর ১২ ঘটিকা পর্যন্ত এবং দুপুর ০৩ ঘটিকা হতে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত ক্যান্টিন খোলা থাকে।

(এ৩) ক্যান্টিনে অতিরিক্ত ভিড় করা বা অহেতুক সময়ক্ষেপণ করা যাবে না।

৩.২ যোগাযোগ রুটিন (Communication Routine) :

কর্মকর্তা, কর্মচারী সকলেই যাতে ক্যান্টিন নীতিমালা সম্পর্কে অবগত হতে পারেন সেজন্য সাউন্ড সিস্টেমে ঘোষণা, বিভিন্ন প্রকার মোটিভেশনাল ট্রেনিং, মিটিং এর ব্যবস্থা অত্র কারখানার একটি চলমান প্রক্রিয়া।

৩.৩ ফিডব্যাক ও কন্ট্রোল রুটিন(Feedback & Control Routine):

এই পলিসি কারখানায় প্রতিষ্ঠা করার লক্ষ্যে কর্তৃপক্ষ সর্বদা সচেতন এবং সার্বিক ব্যবস্থা গ্রহণ করে। এর পরও যদি পলিসি বাস্তবায়ন না হয় বা বাস্তবায়নের পথে কোন বাধার সম্মুখীন হয়, তবে সদা নিয়ন্ত্রণ করার জন্য কার্যকরী পরিষদ ও পরিচালক ব্যবস্থা গ্রহণ করবেন। এমনকি মাননীয় ব্যবস্থাপনা পরিচালকের হস্তক্ষেপ অন্তর্ভুক্ত করা যেতে পারে।

০৪. ইমপ্লিমেন্টেশন ও কম্যুনিকেশন (Implementation & Communication):

৩.১ ও ৩.২ অনুচ্ছেদে আলোচ্য বিষয়ের মাধ্যমে -----লিমিটেড এর উর্ধ্বতন কর্তৃপক্ষ ইমপ্লিমেন্টেশন ও কম্যুনিকেশন নিশ্চিত করে থাকে।

০৫. ফিডব্যাক ও কন্ট্রোল (Feedback & Control):

৩.৩ অনুচ্ছেদে আলোচ্য বিষয়ের মাধ্যমে -----লিমিটেড এর উর্ধ্বতন কর্তৃপক্ষ ফিডব্যাক ও কন্ট্রোল নিশ্চিত করে থাকে।